



বই কিনুন ! বই পড়ুন !! খ্রিয়জনকে ইসলামিক ফাউন্ডেশন প্রকাশিত বই উপহার দিন!!!

মসজিদভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম

ইসলামিক ফাউন্ডেশন

কুমিল্লা জেলা কার্যালয়

ফৌজদারী মোড়, কুমিল্লা।

ই-মেইল ifacomilla1980@gmail.com



নিয়োগ বিজ্ঞপ্তি

(মডেল ও সাধারণ রিসোর্স সেন্টারের মডেল ও সাধারণ কেয়ারটেকারের শূণ্যপদে নিয়োগ)

ইসলামিক ফাউন্ডেশন কর্তৃক বাস্তবায়নধীন মসজিদভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম কুমিল্লা এর অধীনে লাকসাম উপজেলা পরিষদ কমপ্লেক্সে স্থাপিত মডেল রিসোর্স সেন্টারের মডেল কেয়ারটেকারের শূণ্যপদে ০১(এক)টি এবং ০৬(ছয়)টি সাধারণ রিসোর্স সেন্টার যথাক্রমে- (ক) তিতাস উপজেলার আসমানিয়া বাজারের আবদুল কাদের মোল্লা মার্কেটে; (খ) মুরাদনগর উপজেলার জিবিডি বাজারে; (গ) মনোহরগঞ্জ উপজেলার খিলা বাজার পূর্ব পাড়া জামে মসজিদ সংলগ্ন; (ঘ) কুমিল্লা সদর দক্ষিণ উপজেলার সুয়াগাজীর উলুইন মহিলা মাদ্রাসা কমপ্লেক্সে; (ঙ) চৌদ্দগ্রাম উপজেলার চিওড়া এলাকায় ডিমাতেলী উঃ পাড়া জামে মসজিদ, (চ) চৌদ্দগ্রাম উপজেলার মিয়া বাজার আইডিয়াল স্কুলে স্থাপিত সাধারণ রিসোর্স সেন্টারগুলোর জন্য ০১ (এক)জন করে সাধারণ কেয়ারটেকারের শূণ্যপদে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে প্রকল্প মেয়াদে কেয়ারটেকার নির্বাচনের জন্য সংশ্লিষ্ট এলাকার স্থায়ী নাগরিকদের নিকট থেকে নিম্নশর্তাবলীর আলোকে নির্ধারিত ফরমে লিখিত দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

শর্তাবলী

- ক) মডেল কেয়ারটেকারের শিক্ষাগত যোগ্যতা কমপক্ষে স্নাতক/ফািল/একই পর্যায়ের মাদ্রাসার সনদধারী/সমমানের কওমী মাদ্রাসার উচ্চতর শ্রেণির সনদধারী হতে হবে।
খ) সাধারণ কেয়ারটেকারের শিক্ষাগত যোগ্যতা কমপক্ষে এইচ.এস.সি/আলিম/একই পর্যায়ের মাদ্রাসার সনদধারী/সমমানের কওমী মাদ্রাসার উচ্চতর শ্রেণির সনদধারী হতে হবে(সনদ অনলাইনে যাচাইযোগ্য হতে হবে)।
- কেয়ারটেকারের বয়স সীমা ১৮-৪০ বছর হতে হবে। তবে বিদ্যমান মসজিদভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম প্রকল্পে কর্মরত শিক্ষকদের ক্ষেত্রে প্রয়োজনীয় শিক্ষাগত যোগ্যতা থাকা সাপেক্ষে বয়সসীমা শিথিলযোগ্য।
- কেয়ারটেকারের বাসস্থান রিসোর্স সেন্টারের ২(দুই) বর্গ কিলোমিটারের মধ্যে হতে হবে এবং তাকে সে এলাকার স্থানীয় ও স্থায়ী বাসিন্দা হতে হবে। এ বিষয়ে স্থানীয় ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/ওয়ার্ড কাউন্সিলরের লিখিত প্রত্যয়ন আবেদনের সাথে জমা দিতে হবে।
- প্রার্থী বিতর্কিত কোন গোষ্ঠী বা রাজনৈতিক দল বা কোন জঙ্গী গ্রুপের সাথে জড়িত নন এবং ধূমপায়ী বা মাদকাসক্ত নন এ মর্মে ইউনিয়ন পরিষদ/ওয়ার্ড কাউন্সিলরের প্রত্যয়নপত্র আবেদনের সাথে জমা দিতে হবে।
- কমিউনিটির ২(দুই) জন বিশিষ্ট ব্যক্তির/ ২(দুই) জন সরকারি কর্মকর্তার(১ম শ্রেণির সরকারি কর্মকর্তা/ইউপি চেয়ারম্যান/কলেজ/মাদ্রাসা/বিদ্যালয় প্রধান/স্থানীয় গণ্যমান্য ব্যক্তি) সুপারিশ/প্রত্যয়নপত্র গ্রহণ করতে হবে(প্রত্যয়নকারির স্বাক্ষর, নাম, ঠিকানা, পদবী, মোবাইল নম্বর ও প্রতিষ্ঠানের নাম, ঠিকানা এবং ফোন/মোবাইল নম্বরসহ)।
- যে স্থানে রিসোর্স সেন্টার রয়েছে আবেদনকারীকে ঐ রিসোর্স সেন্টারের সভাপতি/ সেক্রেটারি /রিসোর্স সেন্টার পরিচালনা কর্তৃপক্ষের নিকট থেকে অনাপত্তিপত্র দাখিল করতে হবে।
- প্রার্থীকে সর্বক্ষেত্রে ইসলামী শিক্ষার বাস্তবায়নকারী হিসাবে আমলওয়ালা হতে হবে। বিশেষ করে সিরাত-সুরাত, পোষাক, আদব-কায়দা ইত্যাদির দিক দিয়ে মহানবী (সাঃ)-এর সুনুতের বাস্তব অনুসারী হতে হবে এবং স্থানীয়ভাবে সুপরিচিত ও উন্নত নৈতিক চরিত্রের অধিকারী হতে হবে। বাইসাইকেলে কেন্দ্র পরিদর্শন কাজে এবং রিসোর্স সেন্টার পরিচালনা কাজে সক্ষম আছেন এমন প্রত্যয়ন থাকতে হবে।
- মডেল রিসোর্স সেন্টারের কেয়ারটেকারের মাসিক সম্মানী নির্ধারিত ৭৫০০/- (সাত হাজার পাঁচশত) টাকা এবং সাধারণ রিসোর্স সেন্টারের কেয়ারটেকারের মাসিক সম্মানী নির্ধারিত ৬৫০০/- (ছয় হাজার পাঁচশত) টাকা। তিনি বছরে তাঁর মাসিক সম্মানীর সমপরিমাণ ২টি ইনসেন্টিভ দুই ঙ্গদের সময়ে প্রাপ্য হবেন।
- দরখাস্তকারীর নাম, পিতার নাম, মাতার নাম, বর্তমান ঠিকানা, স্থায়ী ঠিকানা, জাতীয়তা, জন্ম তারিখ, বয়স, শিক্ষাগত যোগ্যতা, মোবাইল নং, সম্প্রতি তোলা পাসপোর্ট সাইজের ২ কপি সত্যায়িত ছবি ও অভিজ্ঞতা (যদি থাকে)উল্লেখপূর্বক প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সকল শিক্ষাগত যোগ্যতার সনদ, চেয়ারম্যান সনদ এবং স্থানীয় ২জন বিশিষ্ট ব্যক্তির প্রত্যয়ন পত্রসহ নিম্ন স্বাক্ষরকারীর বরাবরে সরাসরি/ ডাকযোগে অফিস চলাকালীন আগামী ২৭/০৩/২০২২ তারিখের মধ্যে আবেদনপত্র পৌঁছাতে হবে। নির্ধারিত সময়ের পর কোন আবেদন গ্রহণযোগ্য নয়।
- পূর্বে আবেদনকারীদের নতুন ফরম্যাটে পুনরায় আবেদন করতে হবে।
- আবেদন ফরম www.islamicfoundation.comilla.gov.bd ওয়েব সাইটে/ইসলামিক ফাউন্ডেশন, কুমিল্লা জেলা কার্যালয়/সংশ্লিষ্ট উপজেলার মডেল রিসোর্স সেন্টার থেকে অফিস খোলার দিন সকাল ৯.০০টা থেকে বিকেল ৫.০০টার মধ্যে বিনামূল্যে সংগ্রহ করা যাবে।
- নিয়োগ সংক্রান্ত সকল ক্ষমতা যথাযথ কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

সরকার সারোয়ার আলম

উপ-পরিচালক

ইসলামিক ফাউন্ডেশন কুমিল্লা

ফোন : ০৮১-৬৫৭২৭

২৪/৩/২২